

বেসরকারি বিশ্ববিদ্যালয় সরকারি নির্দেশনা না মানলে আইনি ব্যবস্থা

শিক্ষামন্ত্রী
আতশিয়া প্রতিনিধি ও স্টাফ রিপোর্টার, সাতার

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো সরকারের নির্দেশনা অনুসরণ না করলে শিক্ষার্থী ভর্তি বন্ধসহ তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে বলে ছাশিয়ারি উচ্চারণ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বুধবার দুপুরে সাতারের আশুলিয়ার দস্তপাড়া এলাকায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের চান্সেলর রাষ্ট্রপতি অ্যাডভোকেট আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে উপস্থিত থেকে এক বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সমাবর্তন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. ইউসুফ মাহাবুবুল ইসলাম, বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সবুর খানসহ আরও অনেকে। সমাবর্তনে ৩৪৭৩ জন নবীন গ্র্যাজুয়েট শিক্ষার্থী শিক্ষামন্ত্রীর কাছ থেকে সনদ গ্রহণ করেন। এ ছাড়া কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী ১৩ জন গ্র্যাজুয়েট স্বর্ণপদক প্রদান করেন।